

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:


সভাপতি	: আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহী
সভার স্থান	: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
সভার তারিখ	: ১৯.১২.২০২১ খ্রি.
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার জন্য বলা হয়েছে। কর্মপরিকল্পনার ২নং কার্যক্রমে দক্ষতা ও নৈতিকতা উন্নয়নের অংশ হিসেবে অংশীজনদের অংশগ্রহণে এই সভা আয়োজিত হয়েছে।

সভাপতি কর্তৃক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হয়। এছাড়াও সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ অনুযায়ী দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
০২.	দক্ষতা ও নৈতিকতার উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
০৩.	কর্মকর্তা-কর্মচারীদের জন্য অবশ্য পালনীয় বিধি বিধান ঠিক করে দেওয়া, নিজস্ব কর্মপরিবেশে শুদ্ধাচার প্রতিষ্ঠায় এ সংক্রান্ত প্রজ্ঞাপন/ পরিপত্র মেনে চলার জন্য কর্মশালার আয়োজন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
০৪.	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে প্রতিরোধ সভা, প্রতিরোধ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সমাবেশ বাস্তবায়ন, নৈতিকতা ও মূল্যবোধ বৃদ্ধির জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কর্মশালা আয়োজন করতে হবে। উল্লিখিত কার্যক্রমগুলো শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে প্রদর্শন করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
০৫.	শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশ হিসেবে জেলার সকল দপ্তর নিয়মিতভাবে কর্মকর্তা/কর্মচারীদের সেবার মান-উন্নয়নে প্রশিক্ষণের আয়োজন করবে।	জেলার সকল দপ্তর প্রধান

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 আব্দুল জলিল
 জেলা প্রশাসক
 রাজশাহী


স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৮.০১৮.২০২১-

২২৬৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৪. অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), রাজশাহী
৫. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল),....., রাজশাহী
৭.
-
-


১২/১২/২১
(কল্যাণ চৌধুরী)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রাজশাহী

ফোন নং-০৭২১-২৩৬২ (অফিস)
email: adcgrajshahi@mopa.gov.bd